প্রমানক ঃ ২.৪.৭(ক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা
www:warpo.gov.bd

মুজিব ১০০

স্মারক নং-৪২.০২.০০০০.০০৫.২৮.০০১.১৯(খন্ড-১)-৮২২

২৩ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ০৬-০৬-২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়: বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ বাস্তবায়নে জেলা পর্যায়ে কর্মশালা আয়োজন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এবং বাংলাদেশ পানি বিধিমালা, ২০১৮ এর আলোকে পানি সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন নিশ্চিতকরণ একটি অগ্রাধিকার কাজ হিসেবে বিবেচিত। উক্ত আইন ও বিধিমালা এবং বিধিমালার বিধি-১৪তে বর্ণিত জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির কার্যপরিধি সম্পর্কে মাঠ প্রশাসন এবং জেলা পর্যায়ে পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটিকে অবহিতকরণের উদ্দেশ্যে **আগামী ১৩ জুন, ২০২৩ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকায়** শেরপুর জেলা প্রশাসকের সভাপতিত্বে, জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একটি মতবিনিময় কর্মশালা অনুষ্ঠিত হবে। একাদশ জাতীয় সংসদের পানি সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ১৩তম বৈঠকের সিদ্ধান্ত (সংযুক্তি-১) অনুযায়ী জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি'র উপদেষ্টা মহোদয়কে এ মতবিনিময় কর্মশালা বিষয়ে অবহিত করার অনুরোধ করা হলো। একই সাথে আপনার জেলার সকল উপজেলা নির্বাহী অফিসারদের কর্মশালায় অংশগ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল উপস্থিতি থাকতে পানি সম্পদ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব জনাব নাজমুল আহসান সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়াল উপস্থিতি থাকবেন ময়মনসিংহ বিভাগের বিভাগীয় কমিশনার জনাব মোঃ শফিকুর রেজা বিশ্বাস এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব।

২। জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটির সদস্য-সচিব কর্তৃক আমন্ত্রিত সদস্যবৃন্দ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে উপস্থিত থাকবেন এবং প্রধান অতিথিসহ পানি সম্পদ মন্ত্রণালয়ের আমন্ত্রিত সদস্যবৃন্দ, বিভাগীয় কমিশনার ও ওয়ারপো'র আমন্ত্রিত সদস্যবৃন্দ ভার্চুয়াল পদ্ধতিতে জুমের মাধ্যমে সংযুক্ত হতে পারেন। **কর্মশালার আইডি: 672 093 5158 এবং পাসওয়ার্ড: 123456**

৩। এমতাবস্থায়, সংযুক্ত তালিকা অনুযায়ী কর্মশালা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি:- বর্ণনামতে

০৬/০৬/২০২৩

(মোঃ রেজাউল মাকছুদ জাহেদী)
মহাপরিচালক
ওয়ারপো, ঢাকা।
ফোন: ৪৪৮১৯০০৬/৪৪৮১৯০১৫
মোবাইল : ০১৭১১১৬৬৩২৮
ইমেইল: dg@warpo.gov.bd

জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সমন্বিত পানি সম্পদ ব্যবস্থাপনা কমিটি, শেরপুর।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/প্রশাসন/পরিকল্পনা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৫। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মাননীয় উপমন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইটি), জেলা প্রশাসকের কার্যালয়, শেরপুর (তথ্য অধিকার আইন, ২০০৯ সংক্রান্ত ৫০ (পঞ্চাশ) টি লিফলেট বিতরণের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।



পানি সম্পদ মন্ত্রণালয়
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)

# তথ্য অধিকার আইন - ২০০৯



# তথ্য অধিকার আইন- ২০০৯ এর লক্ষ্য

বাংলাদেশের সংবিধান অনুযায়ী নাগরিকদের তথ্য প্রাপ্তি, চিন্তা, বিবেক ও বাক-স্বাধীনতার অধিকার নিশ্চিতকরণ

জনগণ প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক সে লক্ষ্যে নাগরিকদের ক্ষমতায়ন

দুর্নীতি হ্রাস এবং স্বচ্ছতা ও সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে সরকারী, স্বায়ত্তশাসিত এবং বিদেশী অর্থে পরিচালিত বেসরকারী সংস্থার জবাবদিহিতা নিশ্চিতকরণ

## তথ্য প্রাপ্তির পদ্ধতি

(১) তথ্য অধিকার আইনে যে কোনো নাগরিক তথ্য প্রাপ্তির জন্য ফরম "ক" অনুযায়ী লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে অনুরোধ করতে পারবেন ।

(২) উপ-ধারা (১) এ উল্লেখিত অনুরোধ নিম্নলিখিত বিষয়সমূহের উল্লেখ থাকতে হবে, যথাঃ-

(অ) অনুরোধকারীর নাম, ঠিকানা, প্রযোজ্য ক্ষেত্রে, ফ্যাক্স নম্বর এবং ই-মেইল ঠিকানা;

(আ) যে তথ্যের জন্য অনুরোধ করা হয়েছে তার নির্ভুল এবং স্পষ্ট বর্ণনা;

(ই) অনুরোধকৃত তথ্যের অবস্থান নির্ণয়ের সুবিধার্থে অন্যান্য প্রয়োজনীয় প্রাসঙ্গিক তথ্যাবলী;

এবং

(ঈ) কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী তার বর্ণনা অর্থাৎ পরিদর্শন করা, অনুলিপি নেয়া, নোট নেয়া বা অন্য কোন পদ্ধতিতে।

(৩) আবেদনকারী যদি ৩০ কর্মদিবসের মধ্যে তথ্য না পায় বা প্রাপ্ত তথ্যে অসন্তুষ্ট হন, তাহলে পরবর্তী ৩০ দিনের মধ্যে উর্ধ্বতন কর্মকর্তা বরাবর নির্ধারিত ফরমে আপীল আবেদন করতে পারেন;

## তথ্য প্রদান পদ্ধতি

(১) আবেদনকারীর কাছে ২০-৩০ কর্মদিবসের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।

(২) কোন তথ্য প্রদানযোগ্য না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ১০ কর্মদিবসের মধ্যে আবেদনকারীকে অবহিত করবেন;

(৩) আপীল দায়ের এবং গ্রহণের পরে ৩০ কর্মদিবসের মধ্যে সকল প্রক্রিয়া শেষ করে আবেদনকারীর কাছে তথ্য প্রদান করতে হবে।